

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৮, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিধি-১ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১০ শ্রাবণ ১৪২৩/২৫ জুলাই ২০১৬

বিষয় : সিনিয়র স্টাফ নার্স পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে বিশেষ কোটার কোন পদ যোগ্য প্রার্থীর অভাবে পূরণ করা সম্ভব না হইলে সে-সকল পদ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ এবং বিশেষ/প্রাধিকার কোটার অপূরণকৃত পদ সংরক্ষণের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০২-২০১০ তারিখের ৫৯ নম্বর সার্কুলারের বিধান শিথিলকরণ।

নং ০৫.০০.০০০০.১৭০.২২.০২০.১৬-১৯৩—উপর্যুক্ত বিষয়ে সরকার কোটা সংরক্ষণ সংক্রান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬-০২-২০১০ খ্রিঃ তারিখের ০৫.১৭০.০২২.০৭.০১.০২০.২০১০-৫৯ নং স্মারকের নির্দেশনা এককালীন শিথিলপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে :

সিনিয়র স্টাফ নার্সের মোট ৯,৬১৬টি পদ পূরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৬ ফেব্রুয়ারি, ২০১০ তারিখের স্মারকের মুক্তিযোদ্ধা কোটা অনুসরণ সংক্রান্ত নির্দেশনা এককালীন শিথিল করিয়া ঐ পদসমূহ জাতীয় মেধা তালিকার শীর্ষে অবস্থানকারী প্রার্থীদের দ্বারা পূরণ করা হইবে।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
সিনিয়র সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(১৪১৩১)

মূল্য : টাকা ৪.০০